



ইস্টার্ন রিফাইনারী লিমিটেড

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি সাবসিডিয়ারী)

উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম-৪২০৪

বাংলাদেশ

দরপত্র নং : ইআর/পার/সিএন্ডএফ(ঢাকা)-০১/২০১৮

তারিখ : ১০ ফাল্গুন, ১৪২৪ বঙ্গাব্দ
২২ ফেব্রুয়ারী, ২০১৮ খ্রি.

এপ্রিল ২০১৮ সাল থেকে ডিসেম্বর, ২০২০ খ্রি. পর্যন্ত সময়ের জন্য ঢাকা কাস্টমস্ হাউজ (বিমান বন্দর) -এর সিএন্ডএফ এজেন্ট নিয়োগের দরপত্র বিজ্ঞপ্তি।

ইস্টার্ন রিফাইনারী লিমিটেড (ইআরএল) কর্তৃক আমদানীকৃত/রপ্তানিতব্য পণ্যসমূহের ঢাকা কাস্টমস্ -এ সিএন্ডএফ কাজ সম্পাদনের জন্য এপ্রিল ২০১৮ থেকে ডিসেম্বর ২০২০ ইং পর্যন্ত মেয়াদে সিএন্ডএফ এজেন্ট নিয়োগের নিমিত্তে সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত/সেক্টর কর্পোরেশনে অন্ততঃ ৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন ঢাকা শহর এলাকায় অবস্থিত এবং চট্টগ্রাম শহরে প্রয়োজনীয় অফিস ও জনবল আছে এমন সুপ্রতিষ্ঠিত/খ্যাতিনামা সিএন্ডএফ প্রতিষ্ঠান সমূহের নিকট থেকে এতদ্বারা নিম্নবর্ণিত তফসিল মোতাবেক সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছেঃ-

দরপত্র নং	দরপত্রের বিবরণ	প্রতিসেট দরপত্র সিডিউলের মূল্য	দরপত্র সিডিউল বিক্রয়ের সর্বশেষ তারিখ	দরপত্র জমাদানের সর্বশেষ তারিখ ও সময়	কারিগরী দরপত্র খোলার তারিখ ও সময়
ইআর/পার/সিএন্ডএফ(ঢাকা)-০১/২০১৮	এপ্রিল ২০১৮ থেকে ডিসেম্বর ২০২০ খ্রি. পর্যন্ত সময়ের জন্য ঢাকা কাস্টমস্ হাউজ -এ সিএন্ডএফ এজেন্ট নিয়োগ।	টা. ২০০.০০	১৯-০৩-২০১৮ খ্রি. ১৬ঃ০০ ঘটিকা পর্যন্ত	২০-০৩-২০১৮ খ্রি. ১৪ঃ৩০ ঘটিকা পর্যন্ত	২০-০৩-২০১৮ খ্রি. ১৫ঃ০০ ঘটিকা

নগদ মূল্য টা. ২০০/- (অফেরৎযোগ্য) প্রদানপূর্বক টেন্ডার সিডিউল যে কোন কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে ইস্টার্ন রিফাইনারী লিমিটেড -এর চট্টগ্রামস্থ উপরোক্ত অফিসের হিসাব বিভাগে এবং ঢাকা লিয়াজোঁ অফিস, ইস্টার্ন রিফাইনারী লিমিটেড, “ওয়াইএমসিএ ভবন” (৩য় তলা-পশ্চিম পার্শ্ব), ১/১ পাইওনিয়ার রোড, কাকরাইল, ঢাকা-১০০০ -এ পাওয়া যাবে। টেন্ডার সিডিউলে বর্ণিত নিয়ম অনুযায়ী দরপত্র ইআরএল ক্রয় বিভাগে রক্ষিত টেন্ডার বাস্তবে উপরোল্লিখিত তারিখ ও সময়ের মধ্যে অবশ্যই দাখিল করতে হবে যা উপস্থিত দরদাতা/তাঁদের প্রতিনিধিবর্গের উপস্থিতিতে খোলা হবে। ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে প্রদত্ত দরপত্র অবশ্যই নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ইআরএল ক্রয় বিভাগে পৌঁছাতে হবে।

ইস্টার্ন রিফাইনারী লিমিটেড কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ ছাদেক খান)

এ্যাসিস্টেন্ট জেনারেল ম্যানেজার (পারচেজ)

ফোন নং : ৮৮-০৩১-২৫০১২৬১~৬৭ (পিএবিএক্স)

ফ্যাক্স : ৮৮-০৩১-২৫০১২৬৯

ই-মেইল : purchase@erl.com.bd

md-office@erl.com.bd